106

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 APR 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

৮০/

# ভার্সিটির বিভিন্ন তদন্ত কমিটির কাজে অগ্রগতি না হওয়ায় উদ্বেগ

॥ রেজানুর রহমান ॥

গত ২/৩ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সন্ত্রাসী ঘটনা তদন্তের জন্য মোট কতগুলি তদন্ত কমিটি গঠন করা হইয়াছিল উহার কোন হিসাব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানে না। গতকাল (মঙ্গলবার) ভিসি প্রফেসর এম, মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে শৃঙ্খলা পরিষদের সভায় তদন্ত কমিটির সার্বিক অগ্রগতি তুলিয়া ধরার সময় তদন্ত কমিটির

(২য় পৃঃ দ্রঃ)

## ভার্সিটির তদন্ত কমিটি

(১ম পৃঃ পর)

সংখ্যা নিয়া মতানৈক্যের সৃষ্টি হয়। জানা যায়, সভার শুরুতেই বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ইতিপূর্বে গঠিত সকল তদন্ত কমিটির ধারাবাহিক বিবরণ দেওয়ার পর পরই সভায় উপস্থিত সদস্যদের মধ্যে অনেকেই মন্তব্য করেন, 'উল্লেখিত বিবরণ পূর্ণাঙ্গ নয়।' অনেকে নির্দিষ্ট ঘটনার উল্লেখ করিয়া গঠিত তদন্ত কমিটির অবস্থা জানিতে চাহিলে প্রক্টরের উত্তর ছিল, 'তালিকায় ঐ কমিটির কোন হদিস পাওয়া যাইতেছে না'।

একটি সূত্র জানায়, গতকাল সভায় প্রায় ৩০টি তদন্ত কমিটির উল্লেখ করা হয়। ইহার মধ্যে শতকরা ৮০ ভাগের কোন অগ্রগতি হয় নাই। সভায় এমন তদন্ত কমিটির উল্লেখ করা হইয়াছে যাহার চেয়ারম্যান-সদস্যরা এ ব্যাপারে কিছুই জানেন না। অধিকাংশ কমিটি গঠিত হওয়ার পর দীর্ঘদিনের ব্যবধানেও কোন সভা বসে নাই। কয়েকটি কমিটির সভা বসিলেও কোন অগ্রগতি নাই। ৩।৪ টিকমিটির রিপোর্ট তৈয়ার করা সত্ত্বেও কর্তৃপক্ষের নিকট জমা পড়ে নাই।

অধিকাংশ তদন্ত কমিটির কাজের অগ্রগতি না হওয়ায় গতকাল শৃঙ্খলা পরিষদের সভায় উদ্বেগ প্রকাশ করা হইয়াছে। জানা যায়, সভায় তদন্ত কমিটির প্রকৃত তালিকা জরুরী ভিত্তিতে প্রণয়নের জন্য প্রক্টরকে পরামর্শ দেওয়া হইয়াছে।